গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৮৮/২০১৯-২০২০
ঢাকা ১৫ মার্চ রোববার ২০২০, ১ চৈত্র ১৪২৬

১। দেশে আরো দুই জন করোনাভাইরাসে আক্রান্ত
ইতালিফেরত সবাইকে বাধ্যতামূলক কোয়ারেন্টাইনে থাকতে হবে : স্বাস্থ্যমন্ত্রী
২। করোনাভাইরাসে আক্রান্ত প্রথম তিনজন এখন ঝুঁকিমুক্ত : আইইডিসিআর
৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ বিকেলে করোনাভাইরাস রুখতে
নরেন্দ্র মোদির উদ্যোগে সার্ক ভিডিও কনফারেন্সে যোগ দেবেন
৪। ৩১ মার্চ পর্যন্ত ইউরোপ ও করোনা আক্রান্ত দেশে বিমান চলাচল বন্ধ
অন-অ্যারাইভাল ভিসা স্থগিত : সংবাদসম্মেলনে পররাষ্ট্রমন্ত্রী
৫। করোনা মোকাবিলায় সরকারের ওপর আস্থা রাখুন : সংবাদসম্মেলনে সেতুমন্ত্রী
৬। প্রধানমন্ত্রী ১৭ মার্চ টুঙ্গিপাড়া যাচ্ছেন
৭। সম্মিলিত প্রয়াসে দেশের সার্বিক উন্নয়ন সাধন সম্ভব : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী
৮। খাদ্যে ভেজালরোধে সচেতনতা গড়ে তুলতে হবে : খাদ্যমন্ত্রী
৯। কেমিক্যাল গোডাউন হবে ঝুঁকিমুক্ত ও পরিবেশবান্ধব : গাজীপুরে শিল্পমন্ত্রী
১০। আজ বিশ্ব ভোক্তা অধিকার দিবস
ভোক্তা অধিকার নিশ্চিতে চালু হচ্ছে হটলাইন 'ভোক্তা বাতায়ন'
১১। নদী রক্ষায় জিরো টলারেন্স নীতি নিয়েছে সরকার: নৌ প্রতিমন্ত্রী

**১। দেশে আরো দুই জন করোনাভাইরাসে আক্রান্ত**
**ইতালিফেরত সবাইকে বাধ্যতামূলক কোয়ারেন্টাইনে থাকতে হবে : স্বাস্থ্যমন্ত্রী**

করোনাভাইরাসে দেশে আরো দুই জন আক্রান্ত হয়েছেন। গতকাল (১৪ মার্চ শনিবার) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জাহিদ মালেক এ তথ্য নিশ্চিত করেছেন। রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় এক সংবাদসম্মেলনে তিনি বলেন, আমরা নতুন করে আরো দুই জন করোনাভাইরাস রোগীর সন্ধান পেয়েছি। ইতালি ও জার্মানি থেকে আগত তারা উভয়েই সেলফ কোয়ারেন্টাইনে রয়েছেন। গতকাল স্বাস্থ্য মন্ত্রণালয়ে অপর এক সংবাদ বিজ্ঞপ্তিতে স্বাস্থ্যমন্ত্রী বলেন, ইতালিতে যেহেতু বেশি ছড়িয়েছে, তাই আমরা সিদ্ধান্ত নিয়েছি, সেখান থেকে যারাই আসবে তারা কোয়ারেন্টাইনে থাকবে। প্রথমে তারা বাধ্যতামূলক কোয়ারেন্টাইনে থাকবে, পরে হোম কোয়ারেন্টাইনে থাকবে। ইতালি থেকে আরো বাংলাদেশি আসছে বলে দেশে সংক্রমণের ঝুঁকি এড়াতে এ পদক্ষেপ নেওয়া হচ্ছে বলে জানান তিনি। ইতালি থেকে এসে যারা নিজ নিজ এলাকায় ফিরে গেছেন, তাদের ওপর নজর রাখা হচ্ছে বলেও জানান স্বাস্থ্যমন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**২। করোনাভাইরাসে আক্রান্ত প্রথম তিনজন এখন ঝুঁকিমুক্ত : আইইডিসিআর**

বাংলাদেশে যে তিন জন করোনাভাইরাসে আক্রান্ত হয়েছিলেন, তারা সবাই এখন ঝুঁকিমুক্ত বলে জানিয়েছেন সরকারের রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠানের (আইইডিসিআর) পরিচালক অধ্যাপক ডা. মীরজাদী সেব্রিনা। গতকাল (১৪ মার্চ শনিবার) নিয়মিত ব্রিফিংয়ে তিনি বলেন, তাদের মধ্যে দুই জন আগেই সুস্থ হয়েছেন। এক জন ইতোমধ্যে বাড়ি ফিরে গেছেন। আরেক জন সুস্থ হলেও হাসপাতাল ছেড়ে যাননি। অপর জনের প্রথম রক্ত পরীক্ষায় নেগেটিভ এসেছে। এখন বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) প্রটোকল অনুযায়ী তাকে দ্বিতীয়বার পরীক্ষা করা হবে। এতে নেগেটিভ এলে তাকে করোনামুক্ত ঘোষণা করা হবে। তিনি আরো বলেন, গত ২৪ ঘণ্টায় করোনা আশঙ্কায় ২৪ জনের নমুনা পরীক্ষা করা হয়েছে। যদিও কেউ শনাক্ত হয়নি। এখন পর্যন্ত ৯ জন হাসপাতালে আইসোলেশনে আছেন। এছাড়া চার জনকে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে রাখা আছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৪,ক.১), **সমকাল** (পৃ.১,ক.১), **বাংলাশে টুডে** (পৃ.১,ক.২)।

**৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ বিকেলে করোনাভাইরাস রুখতে**
**নরেন্দ্র মোদির উদ্যোগে সার্ক ভিডিও কনফারেন্সে যোগ দেবেন**

করোনাভাইরাস ইস্যুতে আজ ১৫ মার্চ রোববার বিকালে সার্ক ভিডিও কনফারেন্সে যোগ দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (১৪ মার্চ শনিবার) রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় এক সংবাদসম্মেলনে এ তথ্য জানান পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। বিশ্ব মহামারি করোনাভাইরাস রুখতে সার্কভুক্ত দেশগুলোর প্রধানদের মধ্যে ভিডিও কনফারেন্স আয়োজনের আহ্বান জানিয়েছিলেন ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫),**সংবাদ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

**৪। ৩১ মার্চ পযন্ত ইউরোপ ও করোনা আক্রান্ত দেশে বিমান চলাচল বন্ধ**
**অন-অ্যারাইভাল ভিসা স্হগিত : সংবাদসম্মেলনে পররাষ্ট্রমন্ত্রী**

করোনাভাইরাস নিয়ে সারাবিশ্বে সৃষ্ট বিশেষ পরিস্থিতিতে আজ রোববার দিবাগত রাত ১২টার পর থেকে যুক্তরাজ্য ছাড়া ইউরোপ ও অস্বাভাবিকভাবে আক্রান্ত দেশগুলো থেকে আগামী ৩১ মার্চ পর্যন্ত যাত্রীবাহী বিমান আসা-যাওয়া বন্ধ ঘোষণা করেছে সরকার। একইসঙ্গে এ সিদ্ধান্ত প্রবাসী বাংলাদেশিদের জন্যও প্রযোজ্য হবে। পাশাপাশি এ সময়কালে অন-অ্যারাইভাল ভিসা দেওয়া বন্ধ রাখার সিদ্ধান্তও নিয়েছে সরকার। গতকাল (১৪ মার্চ শনিবার) সাড়ে ৯টার দিকে রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় এক জরুরি সংবাদসম্মেলনে এ সিদ্ধান্তের কথা জানান পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**৫। করোনা মোকাবিলায় সরকারের ওপর আস্থা রাখুন : সংবাদসম্মেলনে সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের করোনাভাইরাস সংক্রমণ মোকাবিলায় সরকারের কাজে আস্থা রাখতে জনগণের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধের মতো পরিস্থিতি এখনো হয়নি, সে রকম পরিস্থিতির সৃষ্টি হলে সেটাও করা হবে। সরকার গভীরভাবে বিষয়টি পর্যবেক্ষণ করছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার ওপর আস্থা রাখুন। তিনি যথাসময়ে যথাযথ ব্যবস্থা নেবেন। গতকাল (১৪ মার্চ শনিবার) 'করোনা পরিস্থিতি মোকাবিলায় করণীয়' বিষয়ে আওয়ামী লীগের পক্ষ থেকে লিফলেট বিতরণের আগে আয়োজিত এক সংবাদসম্মেলনে তিনি একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.৩,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**৬। প্রধানমন্ত্রী ১৭ মার্চ টুঙ্গিপাড়া যাচ্ছেন**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর শ্রদ্ধা জানাতে আগামী ১৭ মার্চ মঙ্গলবার প্রধানমন্ত্রী শেখ হাসিনা গোপালগঞ্জের টুঙ্গিপাড়া যাচ্ছেন। স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি বঙ্গবন্ধুর সমাধিসৌধে ফুল দিয়ে শ্রদ্ধা জানিয়ে জাতির পিতার জন্মশতবার্ষিকীর অনুষ্ঠানের সূচনা করবেন তিনি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫)।

**৭। সম্মিলিত প্রয়াসে দেশের সার্বিক উন্নয়ন সাধন সম্ভব : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী**

বর্তমান সরকার অর্থনৈতিক যেসব পরিকল্পনা নিয়েছে ডিপ্লোমা প্রকৌশলী সমিতির সেখানে বড় ভূমিকা রাখার সুযোগ রয়েছে। এটা আনন্দের বিষয় যে সরকারের এসব কর্মকাণ্ডের সঙ্গে সমিতির গৃহিত কার্যক্রমের অনেক মিল রয়েছে। সকলের সম্মিলিত প্রয়াসে আমরা দেশের সার্বিক উন্নয়ন সাধন করতে সক্ষম হব। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক গতকাল (১৪ মার্চ শনিবার) গাজীপুর ডিপ্লোমা প্রকৌশলী বহুমুখী সমবায় সমিতির বহুতল বিশিষ্ট ‘প্রকৌশলী ভবন’ এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৮),**সংবাদ** (পৃ.৩,ক.৭)।

**৮। খাদ্যে ভেজালরোধে সচেতনতা গড়ে তুলতে হবে : খাদ্যমন্ত্রী**

খাদ্যে ভেজালের জন্য শুধু সরকারকে দোষারোপ করলে হবে না। এজন্য সচেতনতা গড়ে তুলতে হবে বলে জানিয়েছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার। তিনি বলেন, বিভাগ থেকে শুরু করে উপজেলা, ইউনিয়ন, ওয়ার্ড ও গ্রাম পর্যন্ত ভেজালকে না বলতে হবে। গতকাল (১৪ মার্চ শনিবার) রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশনে ‘সেফ ফুড ফর অল :এ কমিটমেন্ট টুয়ার্ডস ডেভেলপমেন্ট বাংলাদেশ’ শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫),**জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭)।

৯। **কেমিক্যাল গোডাউন হবে ঝুঁকিমুক্ত ও পরিবেশবান্ধব : গাজীপুরে শিল্পমন্ত্রী**

টঙ্গীর অস্থায়ী কেমিক্যাল গোডাউন ঝুঁকিমুক্ত ও পরিবেশবান্ধব হবে বলে জানিয়েছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। তিনি বলেন, স্থানীয় ঘনবসতি বিবেচনা করে এ আধুনিক কেমিক্যাল গোডাউনে নিরাপত্তার সব ব্যবস্থা অন্তর্ভুক্ত করা হয়েছে। গতকাল (১৪ মার্চ শনিবার) গাজীপুরের টঙ্গীর কাঠালদিয়ায় নতুন অস্থায়ী কেমিক্যাল গোডাউন নির্মাণ প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় শিল্পমন্ত্রী একথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৬), **আমাদেরঅর্থনীতি** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.৫)।

**১০। আজ বিশ্ব ভোক্তা অধিকার দিবস**

**ভোক্তা অধিকার নিশ্চিতে চালু হচ্ছে হটলাইন ‘ভোক্তা বাতায়ন’**

ভোক্তা অধিকার নিশ্চিতে হটলাইন সেবা ‘ভোক্তা বাতায়ন’ চালু করছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। এ হটলাইনে সাধারণ ভোক্তারা সহজেই তাদের অভিযোগ জানাতে পারবে। সেবাটির উদ্বোধন করবেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। আজ ১৫ মার্চ রোববার বিশ্ব ভোক্তা অধিকার দিবস। দিবসটির প্রতিপাদ্য ‘মুজিববর্ষের অঙ্গীকার, সুরক্ষিত ভোক্তা-অধিকার’। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **বণিক বার্তা** (পৃ.২,ক.৩), **ফিনানশিয়াল এক্সপ্রেস** ( শেষ পৃ,ক.৬)।

**১১। নদী রক্ষায় জিরো টলারেন্স নীতি নিয়েছে সরকার: নৌ প্রতিমন্ত্রী**

নদ-নদী রক্ষায় সরকার জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে বলে জানিয়েছেন নৌপরিবহ ণ প্রতিমন্ত্রী খালিদ মাহ্‌মুদ চৌধুরী। গতকাল (১৪ মার্চ শনিবার) আন্তর্জাতিক নদী দিবস উপলক্ষে জাতীয় প্রেসক্লাবে 'দূষণ ও দখলমুক্ত নদী প্রবাহ ' শীর্ষক এক সেমিনারে তিনি এ কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন , এক সময় নদী দখলকারীদের ভয়ে নদী আন্দোলনকারীদের পালিয়ে বেড়াতে হতো , কিন্তু এখন দখলকারীরা পালিয়ে বেড়ায়। নদী শুধু নদী নয় , সমগ্র বাংলাদেশের উন্নয়নের সঙ্গে নদী জড়িত। তিনি বলেন , নদী গবেষণার বিষয়গুলো আমাদের দেশে দুর্বল। সরকার নদীর ব্যাপারে জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৬)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** সরকার স্কুলে মাল্টিমিডিয়া ক্লাসরুমের যাবতীয় সরঞ্জামাদি দিলেও তা ব্যবহৃত হচ্ছেনা বলে অভিযোগ পাওয়া গেছে উল্লেখ করে এ ব্যাপারে নজরদারির সুপারিশ।

**খ.** **ইনকিলাব** : করোনাভাইরাসের প্রভাবে দেশে অর্থনৈতিক মন্দার আশঙ্কা সামনে রেখে প্রতিটি প্রতিষ্ঠান, ব্যক্তিকে কৃচ্ছ্রসাধন নীতি অবলম্বন করার ওপর গুরুত্বারোপ।

**গ.** **সংবাদ** : দেশের ৭৪৯টি প্রাথমিক বিদ্যালয়ে মাত্র একজন করে শিক্ষক আছে, 'বাংলাদেশ প্রাইমারি এডুকেশন : অ্যানুয়াল সেক্টর পারফরম্যান্স রিপোর্ট ২০১৯' শীর্ষক প্রতিবেদন থেকে এ তথ্যের কথা উল্লেখ করে দেশের সব বিদ্যালয়ে শিক্ষক সংকট দূর করার সুপারিশ।

**ঘ.** **যুগান্তর :** দেশের এনজিও সেক্টরে বিরাজ করছে নানা ধরনের অনিয়ম-দুর্নীতি ও বিশৃঙ্খলা উল্লেখ করে নিষ্ক্রিয় দুই শতাধিকসহ যে ৬৮০টি এনজিওর লাইসেন্স বাতিল করা হয়েছে সেগুলোসহ সচল এনজিওগুলোর ব্যাপারে নজরদারি জোরদার করার পরামর্শ।

**ঙ.** **যায়যায়দিন :** পেঁয়াজের মূল্য হ্রাসে স্বস্তি প্রকাশ করে সকল নিত্যপণ্যের মূল্য নিয়ন্ত্রণে রাখতে কার্যকর ও পরিকল্পিত উদ্যোগ নেওয়ার সুপারিশ।

**চ.** **ইন্ডিপেনডেন্ট** : দেশের নদ-নদীগুলোর প্রবাহ ঠিক রাখতে নিয়মিত খননের ওপর গুরুত্বারোপ।

**ছ.** **অবজারভার** : সরকার দেশের ৬৪ জেলা থেকেই মোবাইল অ্যাপসের মাধ্যমে কৃষকদের কাছ থেকে আমন ধান সংগ্রহের সিদ্ধান্ত নেওয়ায় বাংলাদেশে ডিজিটাল কৃষি বিপ্লবের প্রভাবে যুবকরা আধুনিক চাষাবাদে আগ্রহী হবে বলে প্রত্যাশা।

## উপসম্পদকীয়

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, নারী হত্যা, ধর্ষণ, অপরহণ, নির্যাতন ইত্যাদির ক্ষেত্রে কঠোর শাস্তির বিধান করে দ্রুত বিচারের ব্যবস্থা করা হলে এসব অপরাধ অনেক হ্রাস পাবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'সড়ক যেন মৃত্যুর স্থায়ী বন্দোবস্ত'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, সরকারের কঠোর পদক্ষেপ, মালিকপক্ষের দায় ও জবাবদিহিসহ চালকদের মধ্যে আরও বেশি সতর্কতা ও ইতিবাচক মনোভাব সৃষ্টি করা গেলে সড়ক নিরাপদ থাকবে।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা